দৈনিক জনকণ্ঠ

25 MAY 2003
পৃষ্ঠা ৩ কলাম ৩

# 'জগন্নাথ বিশ্ববিদ্যালয় ঘোষণা বাস্তবায়নে বাজেটে বিশেষ বরাদ্দের দাবিতে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ

'জগন্নাথ বিশ্ববিদ্যালয় ঘোষণা'র পূর্ণ বাস্তবায়নের জন্য বাজেটে বিশেষ বরাদ্দের দাবিতে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট জগন্নাথ কলেজ শাখার উদ্যোগে শনিবার কলেজ ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ শেষে প্রধানমন্ত্রীর নিকট স্মারকলিপি পেশ করা হয়। মাহমুদ হাসান পলাশের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ফারুক আলম, আতাজুল ইসলাম আতাঙ্গ ও কাজী শহীদুজ্জামান শহিদ। সমাবেশে বক্তারা বলেন, বর্তমান ক্ষমতাসীন সরকারের প্রধানমন্ত্রী ১৯৯৫ সালে জগন্নাথ কলেজকে বিশ্ববিদ্যালয় ঘোষণা দেয়ার পর আজ পর্যন্ত তা বাস্তবায়নের কোন কার্যকর পদক্ষেপ নেয়া হয়নি। আসন্ন বাজেটে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ঘোষণার পূর্ণ বাস্তবায়নের জন্য বিশেষ বরাদ্দ দেয়া না হলে সাধারণ ছাত্রছাত্রীদের নিয়ে দুর্বার ছাত্র আন্দোলন গড়ে তোলা হবে। সমাবেশ শেষে স্মারকলিপি দেয়ার উদ্দেশে মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে শহরের জজ কোর্ট, জেলা পরিষদ, নয়াবাজার, বংশাল, গুলিস্তান, জিপিও হয়ে মুক্তাঙ্গনে [illegible] পুলিশী বাধার সম্মুখীন [illegible] বিজ্ঞপ্তি।